ভোরের কাগজ

তারিখ ... JUL. 5 1999
পৃষ্ঠা 2 কলাম 7

# দীর্ঘদিন পর বুয়েটের ছাত্রছাত্রীরা হলে ফিরেছে

## কাল থেকে ক্লাস শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : দুই মাসের অধিক সময় বন্ধ থাকার পর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্রছাত্রীরা গতকাল রোববার হলে ফিরে এসেছে। কাল মঙ্গলবার থেকে স্থাপত্য বিভাগের ক্লাস শুরু হচ্ছে।

দীর্ঘদিন পর হলে ফিরে এসে ছাত্রছাত্রীরা প্রায় সারাদিন রুমের ধুলা-ময়লা পরিষ্কার ও একে অপরের সঙ্গে কুশল বিনিময়ে ব্যস্ত ছিলেন।

কয়েকটি হলের প্রভোস্টরা গতকাল হল ছাত্র সংসদের নির্বাচিত প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করেছেন। প্রভোস্টরা শাস্তিপ্রাপ্ত ছাত্রদের 'নরম ভাষায়' শাস্তি মওকুফের জন্য একাডেমিক কাউন্সিলের কাছে আবেদন করার পরামর্শ দিয়েছেন। জানা গেছে, কর্তৃপক্ষ ভাঙচুরের ঘটনায় ছাত্রদের দেওয়া শাস্তির মাত্রা তাদের আবেদনের ভিত্তিতে আরো কমিয়ে দেওয়ার চিন্তা-ভাবনা করছেন।

এদিকে ঘটনার বিচার বিভাগীয় তদন্ত কমিটির দাবিতে সর্বদলীয় ছাত্রঐক্য তাদের আন্দোলন অব্যাহত রাখবে বলে জানা গেছে। ছাত্রফ্রন্ট এ ব্যাপারে গতকালই সিদ্ধান্ত নিয়েছে। ছাত্রলীগও গতকাল রাত ১০টায় এ ব্যাপারে একটি বৈঠক করেছে।